অর্থঋণ আদালত আইন, ২০০৩ এর ৩৩(১) ধারার বিধান মোতাবেক

**"নিলাম বিজ্ঞপ্তি"**

মোকাম নারায়নগঞ্জ বিজ্ঞ অর্থঋণ জজ আদালত

অর্থঋণ ডিক্রীজারী মোকদ্দমা নং ৭৯/২০১৯

সোনালী ব্যাংক পিএলসি, আড়াইহাজার শাখা, পক্ষে উহার ম্যানেজার, থানা- আড়াইহাজার, জেলা- নারায়নগঞ্জ।

----------------ডিক্রীদার।

-বনাম-

১। মেসার্স শাহীন টেক্সটাইল পক্ষে উহার মালিক- মোঃ শাহীন ভূইয়া,
২। মোঃ শাহীন ভূইয়া, পিতা- মোঃ হারেছ ভূইয়া,
৩। মোঃ হারেছ ভূইয়া, পিতা- মৃত সংসর আলী-এর মৃত্যু হওয়ায় তাহার ওয়ারিশ ৩ক) শাহীন ভূইয়া, ৩খ) কাইয়ুম ভূইয়া, ৩গ) মোসাঃ শেফালী, ৩ঘ) মোসাঃ মিনু, ৩ঙ) মোসাঃ মমতাজ, ৩চ) মোসাঃ হামিদা, সর্ব পিতা- মৃত মোঃ হারেছ ভূইয়া, সাং- জামপুর, পোঃ ধন্দীর বাজার, থানা- সোনারগাঁও, জেলা- নারায়নগঞ্জ।

----------দাইকগন।

এতদ্বারা সর্ব সাধারন-কে জানানো যাইতেছে যে, নিম্ন তপছিল বর্ণিত সম্পত্তি ডিক্রীদারের ৩০/০৬/২০১৯ ইং তারিখ পর্যন্ত প্রাপ্য ২০,৯৬,২০৮/- টাকা ও বিগত ৩১/০৩/২০২৫ ইং তারিখ পর্যন্ত সুদ সহ ৩৫,৩৬,৭১৮/- টাকা। তৎসহ নিলাম বিক্রয়ের দিন পর্যন্ত সুদ ও খরচাদি আদায়ের নিমিত্তে অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ এর এজলাসে রক্ষিত নিলামের টেন্ডার বক্সের মাধ্যমে নিম্ন বর্ণিত শর্তে আগামী ২৮/৮/২৫ ইং তারিখে বিক্রয়ের নিমিত্তে সীল মোহরকৃত টেন্ডার আহবান করা যাইতেছে।

**নিলামের শর্ত**

১। আগামী ২৮/৮/২৫ ইং তারিখে বেলা ১২:০০ ঘটিকার মধ্যে সরাসরি বা রেজিষ্ট্রি ডাকযোগে অত্রাদালতে রক্ষিত দরপত্র গ্রহণের বাক্সে নিলাম দরপত্র দাখিল করতে হবে।

২। নিলাম দরপত্র সাদা কাগজে স্পষ্টাক্ষরে নিলাম দরপত্র দাতার নাম, পিতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে) প্রদত্ত দর অংকে ও কথায় লিখে সিল মোহরকৃত খামে দাখিল করতে হবে। খামের উপর 'সম্পত্তি নিলামে ক্রয়ের দরপত্র' লিখে দাখিল করতে হবে।

৩। নিলাম দরপত্রের সাথে নিলাম দরপত্র দাতার জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

৪। প্রত্যেক দরদাতাকে উদ্বৃত দর অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা হলে উহার ২০% উদ্বৃত দর ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা হলে উহার ১৫% এবং উদ্বৃত দর ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) অপেক্ষা অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ জজ অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৫। দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্বৃত দর গৃহীত হবার ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্বৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।

৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ২৮/৮/২৫ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকায় দরপত্র বাক্স খোলা হবে।

৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গন্য হবে।

৮। তফসিল বর্ণিত সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দর-দাতাকে বহন করতে হবে।

৯। **উপরে বর্ণিত (৪) ও (৫) এর শর্তের অধীনে** প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত **বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ** দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।

১০। কৃতকার্য দরদাতার অনুকুলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল আদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১। নিলাম ক্রয়ে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।

১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করে।

<u>তফসিল</u>

জেলা- নারায়ণগঞ্জ, থান- সোনারগাঁও, মৌজা- জামপুর, জে.এল নং-সি.এস ৫৪, এস.এ-৫০, আর.এস ৪৯;

| খতিয়ান নং | দাগ নং | রকম | পরিমাণ |
|---|---|---|---|
| সি.এস- ২৬/১ | সি.এস ও এস.এ-৬৩ | প্রকল্প ভূমি | ২২.৫০ শতাংশ |
| এস.এ- ১৮ | আর.এস-১৩৭ | | |
| আর.এস-২০১, ০৫ | সি.এস ও এস.এ- ৬৩ | প্রকল্প ভূমি | ২২.০০ শতাংশ |
| নামজারী- ৪৪৭ | আর.এস- ১৩৮ | | |

মোট = ৪৪.৫০ শতাংশ

আদেশ ক্রমে

সেরেস্তাদার

অর্থঋণ আদালত, নারায়ণগঞ্জ।